

তথ্য কমিশনে ০৪-০৬-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯ টি অভিযোগের শুনানীশেষে ০৪ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১ টি অভিযোগ স্থগিত করা হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে গণপূর্ত ই/এম বিভাগ-৬ এর নির্বাহী প্রকৌশলী, ঢাকা ব্যাংক লিমিটেড চট্টগ্রামের আগ্রাবাদ শাখার ম্যানেজার, নীলফামারীর কিশোরগঞ্জ উপজেলার ১নং বড় ভিটা ইউনিয়ন পরিষদের সচিব এবং বাংলাদেশ কৃষি ব্যাংক মতিঝিল প্রধান কার্যালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তা, নন-ক্যাডার ও পরিচালক (আইন ও গবেষণা, ইউ-১২), জনতা ব্যাংক লিমিটেড মতিঝিল কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক,

ব্যাংক এশিয়া লিমিটেড চট্টগ্রামের এমসিবি শেখ মুজিব রোড শাখার ম্যানেজার এবং সিলেট সিটি কর্পোরেশনের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

রূপালী ব্যাংক লিমিটেড দিলকুশা লোকাল অফিসের মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ স্থগিত করা হয়।

স্বাক্ষরিতঃ-

০৪-০৬-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd